

ELECTION 2026

Voter Hotline: 1-888-API-VOTE

ASIAN AMERICANS ADVANCING JUSTICE AAJC



Bilingual assistance is available in Bengali/Bangla (বাংলা), Cantonese (廣東話), English, Hindi (हिंदी), Korean (한국어), Mandarin (普通話), Punjabi (ਪੰਜਾਬੀ), Tagalog, Urdu (اردو), and Vietnamese (tiếng Việt)



আমার ভোট কি গণনা করা হয়েছে? ভোট দেওয়ার পর কী করবেন!

মাঝে মাঝে আপনার ব্যালট হয়ত গণনা করা নাও হতে পারে। নির্বাচনী দিনের পরে টানা কয়েকদিন ধরেই ব্যালট গণনা করা হয়ে থাকে, তাই আপনার ব্যালট গণনা না করার যেসব কারণ থাকতে পারে, সেই সমস্যাগুলো আপনি ঠিক করে নিতে পারেন। আপনার ভোট যাতে গণনা করা হয় তা নিশ্চিত করতে আপনি যা করতে পারেন তা এখানে উল্লেখ করা হলো।

নির্বাচনের দিন: মঙ্গলবার, নভেম্বর 6, 2026

মেইল (ডাক)/অ্যাবসেন্টি (অনুপস্থিত) ব্যালট

- আপনার ভোট গণনা করা হয়েছে কিনা তা দেখতে আপনার মেইল/অ্যাবসেন্টি ব্যালট ট্র্যাক করুন। আপনি প্রতিটি স্টেটের ট্র্যাকিং তথ্য পাবেন www.ballotready.org এই লিংকে।
  - **দ্রুত ট্র্যাকিং শুরু করুন** – যেকোনো সমস্যা ঠিক করার জন্য প্রায়ই পর্যাপ্ত সময় পাওয়া যায় না!
- যদি আপনার মেইল/অ্যাবসেন্টি ব্যালট গণনা করা না হয়ে থাকে – মেইল/অ্যাবসেন্টি ব্যালট গণনা না করার কয়েকটি কারণ:
  - **স্বাক্ষর (সিগনেচার) ম্যাচিং** – আপনার মেইল/অ্যাবসেন্টি ব্যালটের স্বাক্ষর সরকারি রেকর্ডে থাকা আপনার স্বাক্ষরের সাথে ম্যাচ না করা।
  - **সম্পূর্ণভাবে বা সঠিকভাবে নির্দেশনা মেনে না চলা।**
  - **আপনার পরিচয়পত্রের কপি না দেওয়া।**
- যদি আপনার অ্যাবসেন্টি/মেইল ব্যালট ট্র্যাকিং নিয়ে সাহায্যের প্রয়োজন পড়ে বা আপনার অ্যাবসেন্টি/মেইল ব্যালট নিয়ে সমস্যা সমাধান করা যায় কিনা তা জানতে চান, তাহলে হটলাইনের এই নম্বরে **1-888-API-VOTE (1-888-274-8683)** কল করুন।

প্রভিশনাল (সাময়িক) ব্যালট

- যদি আপনি প্রভিশনাল ব্যালটের মাধ্যমে ভোট দিয়ে থাকেন, তাহলে আপনার লোকাল বা স্টেট গভর্নমেন্ট নিশ্চয়ই আপনাকে তথ্য প্রদান করেছে যে কীভাবে আপনি জানতে পারবেন আপনার দেওয়া প্রভিশনাল ব্যালটের ভোট গণনা করা হয়েছে কিনা।
- যদি আপনি প্রভিশনাল ব্যালটের মাধ্যমে ভোট দিয়ে থাকেন এবং তা গণনা করা না হয়ে থাকে, আপনি কিছু কিছু ক্ষেত্রে তা গণনায় নেওয়ার জন্য পদক্ষেপ্ নিতে পারেন – প্রভিশনাল ব্যালট গণনা না করার কয়েকটি কারণ:
  - **ভোটার রেজিস্ট্রেশন** –আপনি ভোট দেওয়ার জন্য রেজিস্টার করেছেন ঠিকই কিন্তু আপনার ভোট দেওয়ার সঠিক স্থানের ভোটার রোলে আপনার নাম যদি না এসে থাকে, তাহলে আপনার ভোটার রেজিস্ট্রেশনে কোনো সমস্যা থাকতে পারে যা আপনি আপনার লোকাল নির্বাচনী কর্মকর্তার কাছে গিয়ে ঠিক করে নিতে পারেন।
  - **পরিচয়পত্র** – যদি আপনি ভোট দেওয়ার সময় কোনো উপযুক্ত পরিচয়পত্র আনতে ভুলে যান, কিছু কিছু ক্ষেত্রে আপনি তা আপনার লোকাল নির্বাচনী কর্মকর্তাদের কাছে দিয়ে আসতে পারেন।
  - **স্বাক্ষর (সিগনেচার) ম্যাচিং** – যদি আপনার স্বাক্ষর নির্বাচনের রেকর্ডে থাকার স্বাক্ষরের সাথে ম্যাচ না করে থাকে, তাহলে নির্বাচনের পরে আপনি নির্বাচনী কর্মকর্তাদের কাছে গিয়ে বিষয়টির সুরাহা করার পদক্ষেপ নিতে পারেন।
- যদি আপনি জানতে চান আপনার প্রভিশনাল ব্যালট গণনা করা হয়েছে কিনা বা কোনো সমস্যা সমাধানের জন্য আপনার সাহায্যের প্রয়োজন পড়ে, তাহলে হটলাইনের এই নম্বরে **1-888-API-VOTE (1-888-274-8683)** কল করুন কারণ কোনো কিছু করার জন্য হাতে বেশি সময় নাও থাকতে পারে।

এসব প্রশ্নের উত্তর কীভাবে পাওয়া যাবে সেই তথ্য জানার জন্য ভিজিট করুন https://www.advancingjustice-aajc.org/electionHub এই লিংকে। ভোট দেওয়া সংক্রান্ত যেকোনো ছোট বা বড় প্রশ্ন থাকলে আপনি কল করতে পারেন 1-888-API-VOTE (1-888-274-863) এই নম্বরে। আমরা নির্বাচনী দিনের আগ পর্যন্ত, নির্বাচনী দিনের সময় ও পরবর্তীতেও সাহায্য করার জন্য থাকবো।